ফেব্রুয়ারী-২০২২ খ্রিস্টাব্দ মাসে অনুষ্ঠিত কাপাসিয়া উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোঃ আমানত হোসেন খান<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কাপাসিয়া, গাজীপুর। |
| সভার তারিখ | ঃ | ১০.০২.২০২২ খ্রি. |
| সময় | ঃ | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, কাপাসিয়া, গাজীপুর। |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি গত সভার কার্যবিবরণীর কোন সংযোজনী/সংশোধনী থাকলে তা জানানোর জন্য উপস্থিত সদস্যদের আহবান জানান। সদস্যদের নিকট হতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার আলোচ্যসূচী ভিত্তিক আলোচনা উপস্থাপন করলে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

"পরিশিষ্ট ক"

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন; | জনাব এ.কে.এম গোলাম মোর্শেদ খান, উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর উপস্থিত সকলকে বিগত সভার সিদ্ধান্ত পাঠ করে শুনান এবং কোন ধরনের সংশোধন বা বিয়োজন না থাকলে বিগত সভার কার্যপত্র অনুমোদন করার জন্য সকলকে অনুরোধ করেন। | সিদ্ধান্ত ঃ কোন ধরনের সংশোধন বা বিয়োজন না থাকায় বিগত সভার কার্যপত্র অনুমোদন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |
| ০২ | ১৭টি স্থায়ী কমিটি গঠন সংক্রান্ত আলোচনা; | উপজেলা পরিষদের নব নির্বাচিত ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদের ১৭(সতের)টি স্থায়ী কমিটি গঠনঃ উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের সাথে পরামর্শক্রমে ১৭ (সতের)টি দপ্তরের স্থায়ী কমিটির সভাপতি হিসেবে ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানকে সভাপতি ও সংশ্লিষ্ট দপ্তরের প্রধানগণকে সদস্য সচিব ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে বিভিন্ন কমিটিতে অন্তর্ভূক্ত করা হয়েছে এবং উক্ত কমিটি ৭(সাত) সদস্য বিশিষ্ট কমিটি। উপজেলা পরিষদের (সংশোধন)আইন ২১১ এর ২৯(১)ধারা মোতাবেক কাপাসিয়া উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটি গঠন করা হয়েছে। বিগত বছরের কমিটির মতো এবারও ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানকে সভাপতি ও সদস্য সচিব হিসেবে রেখে উক্ত কমিটি প্রতি ২ মাস অন্তর অন্তর মিটিং করে কার্যপত্র উপজেলা পরিষদে ৩০ তারিখের মধ্যে জমা দেয়ার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিগত বছরের ন্যায় এবার পুরুষ ভাইচ চেয়ারম্যান ৯(নয়)টি কমিটির সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান ৮(আট)টি স্থায়ী কমিটির সভাপতি হিসেবে সভায় নির্বাচিত হয় এবং পূর্বের পুরুষ ভাইস চেয়ারম্যান যে সমস্ত কমিটিতে ও মহিলা ভাইস চেয়ারম্যান যে সমস্ত কমিটিতে সভাপতি ছিল তা ঠিক রেখে স্থায়ী কমিটি পাশ করা জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কমিটির মিটিং করে কার্যপত্র অত্র অফিসের দাখিলের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়, কাপাসিয়া, গাজীপুর। |
| ০৩ | নিরাপদ খাদ্য আইন সংক্রান্ত আলোচনা; | জনাব এ.কে.এম গোলাম মোর্শেদ খান, উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর বলেন, নিরাপদ খাদ্য আইন নিয়ে প্রতি মাসে কর্তৃপক্ষের নিকট রিপোর্ট করতে হয়। তাই নিরাপদ খাদ্য আইন প্রতি মাসে এজেন্ডায় রাখার নির্দেশনা রয়েছে। প্রতি মাসে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। তিনি আরো বলেন, সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ সংশ্লিষ্ট বাজারের মধ্যে যে সব খাবারের হোটেলের মান সন্তোষজনক নয় সে সম্পর্কে অত্র কার্যালয়কে জানানোর জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | প্রতি মাসে মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার বলেন, গাভীর কৃত্রিম প্রজনন সংখ্যা ১০৪৮ টি, সংকর জাতের বাছুর উৎপাদন সংখ্যা ৪৪২ টি, গবাদী পশুর টিকা প্রদান তথ্যঃ গবাদি পশুর টিকা প্রদান ৬৬৮০ টি, হাস-মুরগীর টিকা প্রদান ১,২৭০০০ টি, চিকিৎসা প্রদান তথ্যঃ গবাদি পশু ১০২২ টি, হাস-মুরগী ৭২৪৩০ টি। ১ দিন বয়সের মুরগীর বাচ্চা বিতরণ ১৯০০০ টি, ১ দিন বয়সের হাসের বাচ্চা বিতরণ ৫০০০ টি, ২ মাস বয়সের মুরগীর বাচ্চা বিতরণ ২,০০০ টি, গাভীর খামার স্থাপন ৩ টি, মুরগীর খামার স্থাপন ০৩টি, হাসের খামার স্থাপন ০৩ টি, উন্নত জাতের পাকচং ঘাস ০.৩০ একর, গাভী পালন খামারী ২৫ জন, গরু হৃস্টপুস্ট খামারী ২৫ জন, দুধ উৎপাদন ৭৮৩৮ মেঃ টন, ডিম উৎপাদন ২,২০,০০,০০০টি মাংস উৎপাদন ৮৬৬৪ মেঃটন হয় বলে বিস্তারিত আলোচনা করা হয়। | বিভাগীয় কাজকর্ম সঠিকভাবে করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার,কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপজেলা প্রাণী সম্পদ অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |
| ০৫ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার বলেন, চলতি ২০২১-২২ অর্থ বছরে মৎস্য অধিদপ্তরের এনএটিপি-২ ও ইউনিয়ন প্রকল্পের আওতায় ১১ টি ইউনিয়নে মোট ৩২ টি প্রদর্শনী কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়িত হচ্ছে। কাপাসিয়া মৎস্য বাজারকে ফরমালিনমুক্ত ঘোষণা করার লক্ষ্যে নিয়মিত মাছে ফরমালিন পরীক্ষা করা হচ্ছে এবং মৎস্য বিক্রেতাদের উদ্বুদ্ধ করা হচ্ছে। এখন পর্যন্ত মাছে কোন ফরমালিন পাওয়া যায়নি। দপ্তরের অন্যান্য সম্প্রসারণমূলক কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিকভাবেই চলছে। | বিভাগীয় কাজকর্ম সঠিকভাবে করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |
| ০৬ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, ফেব্রুয়ারী ২০২২ মাসে ৪৪ জনকে টেকাব প্রকল্পের আওতায় কম্পিউটার প্রশিক্ষণ দেওয়া হয়। ঋন আদায়ে ও অন্যান্য কার্যক্রমগুলো যথাযথভাবে পরিচালিত করা হয়। | সঠিক ভাবে প্রশিক্ষন পরিচালনা করা এবং ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা করার সময় সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদেরকে অবহিত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা যুব উন্নয়ন অফিসার, কাপাসিয়া,গাজীপুর। |
| ০৭ | উপজেলা সমাজসেবা অফিসার বলেন, চলতি অর্থ বছরে প্রাপ্ত বয়স্ক, মুক্তিযোদ্ধা ভাতা ,প্রতিবন্ধী ও বিধবা বা স্বামী পরিত্যক্তা ভাতা ইত্যাদির ভাতার অর্থ ছাড় করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরে নতুন বর্ধিত বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার অর্থও ছাড় করা হয়েছে। মুক্তিযোদ্ধা ভাতার অর্থ ছাড় করা হয়েছে। বিভাগীয় কার্যক্রম যথারীতি চলছে বলে সভায় সকলকে অবহিত করেন। | জরুরি ভিত্তিতে সকল ভাতা ভোগীদের বই সংশ্লিষ্ট সকলকে পৌছে দেওয়া জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার, কাপাসিয়া,গাজীপুর।<br>২। চেয়ারম্যান (সকল)ইউনিয়ন পরিষদ কাপাসিয়া,গাজীপুর। |
| ০৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কাপাসিয়া, গাজীপুর বলেন, আসন্ন পবিত্র রমজান ও ইদ উল ফিতর উপলক্ষ্যে সরকার কর্তৃক প্রাকৃতিক দুর্যোগ ক্ষতিগ্রস্থ ও দুঃস্থ দরিদ্র জনগোষ্ঠির জন্য কাপাসিয়া উপজেলায় ২১৪৫২ টি কার্ড এবং বিপরীতে ৩২১.৭৮০ মেঃটন চাউল বরাদ্দ পাওয়া গিয়াছে। নীতিমালা অনুযায়ী ইউনিয়নওয়ারী পুনঃবিভাজন করে পত্র ইস্যু করা হয়েছে। দ্রুত উপকার ভোগীদের তালিকা দাখিল পূর্বক চাউল উত্তোলন করার জন্য অনুরোধ করেন। এছাড়াও বর্তমান চলমান অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর) প্রকল্পের কাজ গুনগত মান বজায় রেখে দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ করেন। | ১। দ্রুত উপকারভোগীদের তালিকা প্রস্তুত করে দাখিল পূর্বক ডিও উত্তোলন করে ভিজিএফ চাউল বিতরণ কার্যক্রম পরিচালনা করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তাবায়ন,কর্মকর্তা,কাপাসিয়া, গাজীপুর।<br>২। সকল ইউনিয়ন চেয়ারম্যানবৃন্দ। |
| ০৯ | উপ-সহকারী প্রকৌশলী, জন-স্বাষ্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাপাসিয়া, গাজীপুর বলেন যে,<br>• ২০২০-২১ অর্থ বছরে পল্লী পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৫০ টি অগভীর তারা নলকূপের মধ্যে ৩০ টি নলকূপ স্থাপন এর কাজ শেষ এবং গোড়া পাকাকরণ কাজ চলমান। ২০টি অগভীর ও ২টি গভীর নলকূপের স্থাপন কাজ চলমান।<br>• ২০২০-২১ ইং অর্থ বছরে ৩০টি অগভীর নলকূপের ৩টি গভীর তারা নলকুপ সহ মোট ৩৩টি নলকূপের বরাদ্দ পাওয়া গিয়াছে। | ২০২০-২১ অর্থ বছরে অগভীর নলকূপ, তারা নলকুপ, সাবমারসিবল বরাদ্দ পাওয়া গেছে তা জুন মাসের ১ম সপ্তাহের মধ্যে কাজ শেষ করার জন্য সভা করে অনুমোদন ও বাস্তবায়ন গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।<br>২। উপ-সহকারী প্রকৌশলী, জন-স্বাষ্থ্য প্রকৌশল, কাপাসিয়া, গাজীপুর।<br>৩। সংশ্লিষ্ট কমিটি, |

| | | | |
|---|---|---|---|
| | • ২০২০-২১ ইং অর্থ বছরে পি.ই.ডি.পি প্রকল্পের আওতায় ১৯টি প্রাথমিক বিদ্যালয়ের সাবমারসিবল নলকূপ স্থাপনের কাজ চলমান। | | কাপাসিয়া, গাজীপুর। |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাপাসিয়া, গাজীপুর বলেন,<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, ২০১৮ সালের এসএসসি পরীক্ষায় কাপাসিয়া উপজেলায় মোট পরীক্ষার্থীর সংখ্যা- ৪৬৭২ জন, তার মধ্যে ৩৫৮৯ জন শিক্ষার্থী পাস করেছে, পাশের হার ৭৬.৮১% জিপিএ ৫ প্রাপ্ত-১১৫ জন। তারমধ্যে দুটি প্রতিষ্ঠান ১০০% পাশ করেছে প্রতিষ্ঠান দুটি হল- ঘাগটিয়া শাহীনরেজা উচ্চ বিদ্যালয় এবং হাফিজ উদ্দিন উচ্চ বিদ্যালয়। দাখিল পরীক্ষার্থীর সংখ্যা-১৪১৭ জন পাশ করেছে- ৭৩১ জন পাশের হার- ৫১.৫৯% জিপিএ ৫ প্রাপ্ত-০২ জন । এসএসসি ভোকেশনাল পরীক্ষার্থীর সংখ্যা-২৯০ জন পাশ করেছে ২৩৪ জন, পাশের হার ৮০.৮৮ জিপিএ ৫ প্রাপ্ত-৮ জন এবং দাখিল ভোকেশনাল পরীক্ষায় মোট শিক্ষার্থীর সংখ্যা-৩৯ জন পাশ করেছে ৩৭ জন পাশের হার ৯৪.৮৭% জিপিএ ৫ প্রাপ্ত- ৬ জন। জিপিএ ৫ প্রাপ্ত শিক্ষার্থীদেরকে কোন প্রনোদনা দেওয়া যায় কিনা এ ব্যাপারে উপজেলা পরিষদের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে বলে জানান।<br>এ ছাড়াও দাপ্তরিক সকল কার্যক্রম যথারীতি দ্রুততার সাথে পরিচালিত হচ্ছে। | উপজেলা পরিষদ হতে জিপিএ ৫ প্রাপ্তদের ছাত্র/ছাত্রীদেরকে বৃত্তি প্রদানের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসয়িা, গাজীপুর।<br>২। উপজেলা শিক্ষা অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |
| ১১ | উপজেলা শিক্ষা অফিসার, কাপাসিয়া , গাজীপুর বলেন, কাপাসিয়া উপজেলার ১১৬ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যুৎ বিলের ব্যবস্থা হয়েছে। প্রায় ৬ লক্ষ টাকা বরাদ্দের জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে পত্র দেয়া হয়েছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিল পরিশোধ করা হবে। বিল বকেয়ার জন্য কোন বিদ্যালয়ের সংযোগ যেন বিচ্ছিন্ন না করা হয় সে ব্যাপারে শিক্ষা অফিসার সভায় অনুরোধ করেন। | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য শিক্ষা অধিদপ্তরে পত্র দেয়ার সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসয়িা, গাজীপুর।<br>২। উপজেলা শিক্ষা অফিসার, কাপাসিয়া, গাজীপুর। |
| ১২ | উপজেলা প্রকৌশলী কাপাসিয়া গাজীপুর জানান, বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)ও পিইডিপি এর কাজ যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। সঠিক | এডিপি ও পিইডিপি-৩ এর কাজের গুণগত মান ঠিক রেখে | উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা , কাপাসিয়া, গাজীপুর বলেন যে, তার দপ্তরের সকল কার্যক্রম সঠিকভাবে চলছে। প্রস্তাবিত কার্যক্রম নিম্নরুপঃ<br>১। ভিজিডি ২০২১-২২ চক্রের জানুয়ারী/২০২২ মাসের খাদ্য বিতরণ সম্পূর্ণ করা হয়েছে।<br>২। প্রশিক্ষণ সেন্টারঃ ৩য় ব্যাচের ০২ টি ট্রেডে ২০ জন করে সর্বমোট ৪০ জন প্রশিক্ষনার্থী ভর্তি করা হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম চলমান। ৪র্থ ব্যাচের প্রশিক্ষণার্থীদের ভাতার টাকা ক্রস চেকের মাধ্যমে প্রত্যেকের নিজ নিজ হিসাব নম্বরে ৬০০০/- টাকা করে বিতরণ করা হয়েছে। ৫ম ব্যাচের প্রশিক্ষণ জুন/২২ মাসে শেষ হবে।<br>৩। মহিলাদের আত্নকর্মসংস্থানের জন ক্ষুদ্র ঋণঃ ঋণ খেলাপী মহিলাদের ঋন আদায়ের জন্য নোটিশ প্রদান করা হয়েছে। আদায়ের হার সন্তোষজনক বলে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | প্রশিক্ষণ কার্যক্রম সঠিক ভাবে পরিচালনা করার জন্য সভায় সর্বসম্মতিক্রম সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসয়িা, গাজীপুর।<br>২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কাপাসয়িা, গাজীপুর। |
| ১৪ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া,গাজীপুর বলেন, উপজেলা পরিষদের ভিতর পুরাতন pwd ভবন আছে সেখানে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস-সহ অন্যান্য অফিস রয়েছে যা ব্যবহার অনুপযোগী। যে কোন সময় একটি দূর্ঘটনা ঘটতে পারে তাই জরুরি ভিত্তিতে সকল সরকারি অফিসগুলো অন্যত্র স্থানান্তর করা প্রয়োজন এবং উক্ত স্থানে উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবন করার জন্য বিগত সভায়ও আলোচনা করা হয়েছে এবং বিল্ডিংটি পরিত্যক্ত (কনডেম) ঘোষণা করার জন্য জেলা কমিটিতে অনুমোদনের জন্য রেজুলেশন পাঠানোর জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন। | উপজেলা পরিষদের ভিতর পুরাতন pwd ভবন হতে মাধ্যমিক শিক্ষা অফিস-সহ অন্যান্য অফিসগুলো স্থানান্তর করে জরুরি ভিত্তিতে বিল্ডিংটি পরিত্যক্ত (কনডেম) ঘোষণা করার বিষয়ে জেলা কমিটিতে অনুমোদনের জন্য রেজুলেশন পাঠানোর জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এডিপি, পিইডিপি-৩,কাবিখা, | ১। উপজেলা নির্বাহী অফিসার,কাপাসিয়া, গাজীপুর।<br>১। উপজেলা প্রকৌশলী, কাপাসিয়া, গাজীপুর। |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা পরিষদে চেয়ারম্যান আরো বলেন যে, কাপাসিয়া উপজেলাধীন আমার বাড়ি আমার খামার বা পল্লী সঞ্চয় ব্যাংক হতে ঋণ নিয়েছেন কিন্তু পরিশোধ করছে না তাদের তালিকা আগামী সভায় উপস্থাপন করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে অনুরোধ করেন।<br>তিনি আরো বলেন, কাপাসিয়া উপজেলায় বিভিন্ন ধরনের উন্নয়ন মূলক কাজ চলছে যেমন এডিপি,পিইডিপি-৩,কাবিখা,কাবিটা,টিউবওয়েল স্থাপন ইত্যাদি কাজগুলো সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সরেজমিনে গিয়ে পরিদর্শন করে গুনগত মান ঠিক থাকলেই প্রত্যয়ন দেয়ার জন্য অনুরোধ করেন। | কাবিটা,টিউবওয়েল স্থাপন ইত্যাদি কাজগুলো সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সরেজমিনে গিয়ে পরিদর্শন করে প্রত্যয়ন দেয়ার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৫ | বিবিধ আলোচনাঃ চেয়ারম্যান সনমানিয়া ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউনিয়নের মধ্যে চর সনমানিয়া কামালিয়ার বাড়ির মসজিদ হতে মোঃ হয়রত আলী সাহেবের বাড়ি হইয়া মোঃ শাহাদাত হোসেন এর বাড়ি অভিমুখে এইচ বিবি করণ রাস্তাটি নির্মাণ করার জন্য প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা হতে বরাদ্দ পাওয়া গেছে। রাস্তাটি ড. মোঃ হযরত আলীর নামে নাম করণ করার জন্য সনমানিয়া ইউনিয়ন পরিষদ হতে আবেদনসহ রেজুলেশ উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করেন। তাঁর আবেদনের প্রেক্ষিতে উপজেলা পরিষদের সভায় রাস্তাটি নাম করণের জন্য বিস্তারিত আলোচনা করা হয়। | চর সনমানিয়া কামালিয়ার বাড়ির মসজিদ হতে মোঃ হয়রত আলী সাহেবের বাড়ি হইয়া মোঃ শাহাদাত হোসেন এর বাড়ি অভিমুখে রাস্তাটি ড. মোঃ হযরত আলীর নামে নাম করণ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, সনমানিয়া ইউনিয়ন পরিষদ,কাপাসিয়া, গাজীপুর। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আমানত হোসেন খান
চেয়ারম্যান
কাপাসিয়া উপজেলা পরিষদ
কাপাসিয়া, গাজীপুর।